বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.২১০.১৬.৩৬১.২২.১৮০৩ তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩২ / ১০ মার্চ ২০২৬

**বিষয়: বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে কৃচ্ছ্রতাসাধনসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ সংক্রান্ত।**

সূত্র: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ১০ মার্চ ২০২৬ তারিখের ৪৭.০০.০০০০.০৩১.১৬.০৭১.২৪.৩০৫ নম্বর পত্র।

বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে কৃচ্ছ্রতাসাধনসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের বিষয়ে সূত্রস্থ স্মারকে প্রাপ্ত পত্রের নির্দেশনা বাস্তবায়নের যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন আগামী ১৬.০৩.২০২৬ তারিখের মধ্যে একবার ও সিদ্ধান্তটির বাস্তবায়ন কার্য সম্পন্ন না হওয়া পর্যন্ত প্রতি মাসের ২৮ তারিখের মধ্যে একবার নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) পাতা।

১০/০৩/২০২৬
সৈয়দ শাহ মোহাম্মদ আরিফ আসদাক
উপপরিচালক (প্রশাসন-২)
বিআরডিবি, ঢাকা
☎ ৫৫০১১৭৩৬
E-mail: ddadmn2@brdb.gov.bd

বিতরণ:
১. পরিচালক (বিআরডিটিআই), খাদিম নগর, সিলেট।
২. যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালক/নির্বাহী পরিচালক (সকল)...............বিআরডিবি, ঢাকা/গাইবান্ধা/ফরিদপুর/রংপুর।
৪. উপপরিচালক (সকল), জেলা দপ্তর, বিআরডিবি (সংশ্লিষ্ট জেলা ও এর আওতাধীন উপজেলা সমূহের প্রতিবেদন একীভূত করে প্রেরণের অনুরোধসহ)।
৫. উপপরিচালক ডাব্লিউটিসি, টাঙ্গাইল/এনআরডিটিসি, নোয়াখালী।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.২১০.১৬.৩৬১.২২.১৮০৩ তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩২ / ১০ মার্চ ২০২৬

**সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**
১. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
২. মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. পরিচালক (সকল) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০/০৩/2026
মোঃ সারোয়ার আলম
সহকারী পরিচালক (সাধারণ পরিচর্যা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১
www.rdcd.gov.bd

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৩১.১৬.০৭১.২৪.৩০৫

তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩২ / ১০ মার্চ ২০২৬

**বিষয়: বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে কৃচ্ছ্রতাসাধনসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ সংক্রান্ত।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৩১১.০৬.০১০২.২৬.২২৫; তারিখ: ০৭/০৩/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৫ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের কার্যবিবরণীর ১৪ নম্বর সিদ্ধান্ত নিম্নরূপ **"সরকারি-বেসরকারি সকল পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে কৃচ্ছ্রতাসাধনের উদ্যোগ গ্রহণ করিতে হইবে। দাপ্তরিক কাজে shared transport ব্যবহার, অনাবশ্যক বৈদ্যুতিক বাতি জ্বালানো পরিহার, শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াসে সীমিতকরণ, গাড়িতে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের ব্যবহার সীমিতকরণ এবং সরকারি কার্যক্রমে অপ্রয়োজনীয় প্রটোকল পরিহার করিতে হইবে। বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে কৃচ্ছ্রতাসাধনের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে"।**

০২। মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পত্রটির ছায়ালিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

০৩। যেহেতু মন্ত্রিপরিষদ বিভাগের রিপোর্ট সংক্রান্ত যাবতীয় তথ্য এ বিভাগের প্রতিষ্ঠান শাখা-২ সমন্বয় করে সেহেতু মন্ত্রিসভা-বৈঠকের কার্যবিবরণীর ১৪ নম্বর সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন সিদ্ধান্তটি অবহিত হওয়ার ১৫ (পনের) দিনের মধ্যে একবার এবং সিদ্ধান্তটির বাস্তবায়ন কার্য সম্পন্ন না হওয়া পর্যন্ত প্রতি মাসের ০২ তারিখের মধ্যে একবার এ বিভাগের প্রতিষ্ঠান শাখা-২ এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) ফর্দ।

১০.০৩.২০২৬

(শাহ্ মোঃ সজীব)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ +৮৮-০২-২২৩৩৫৫৫৭০
(e-mail: admin1.section@rdcd.gov.bd)

বিতরণ:

১. নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৩. মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা।
৫. মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।
৬. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন), ঢাকা।
৭. যুগ্মসচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৮. মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), গোপালগঞ্জ/জামালপুর/ রংপুর।
৯. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), বাড়ি নং-০৫, এভিনিউ-০৩, রূপনগর, মিরপুর, ঢাকা।
১০. ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা।
১১. মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড, ৯/ডি, মতিঝিল, ঢাকা-১০০০
১২. উপসচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৩. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৪. সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৬. ১০ম গ্রেড থেকে ২০তম গ্রেডের সকল কর্মকর্তা/কর্মচারী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৩১.১৬.০৭১.২৪.৩০৫/১(৪)

তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩২ / ১০ মার্চ ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. অফিস কপি।

১০.৩.২৬

(শাহ্ মোঃ সজীব)
সিনিয়র সহকারী সচিব

অতি গোপনীয়
অতি জরুরী

মসবৈ-০২(০৩)/২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**

০৫ মার্চ ২০২৬/২০ ফাল্গুন ১৪৩২ তারিখে অনুষ্ঠিত
মন্ত্রিসভা-বৈঠকের কার্যবিবরণীর উদ্ধৃতি।

বিবিধ বিষয়-১: **বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে কৃচ্ছ্রতাসাধনসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ।**

সিদ্ধান্ত:
**১৪। সরকারি-বেসরকারি সকল পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে কৃচ্ছ্রতাসাধনের উদ্যোগ গ্রহণ করিতে হইবে। দাপ্তরিক কাজে shared transport ব্যবহার, অনাবশ্যক বৈদ্যুতিক বাতি জ্বালানো পরিহার, শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াসে সীমিতকরণ, গাড়িতে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের ব্যবহার সীমিতকরণ এবং সরকারি কার্যক্রমে অপ্রয়োজনীয় প্রটোকল পরিহার করিতে হইবে। বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে কৃচ্ছ্রতাসাধনের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে।**

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
সচিবের দপ্তর

স্বাক্ষর/-
০৭/০৩/২০২৬
(তারেক রহমান)
প্রধানমন্ত্রী

নম্বর: ০৪.০০.০০০০.০০০.৩১১.০৬.০১০২.২৬.২২৫(৪)

তারিখ: ২২ ফাল্গুন ১৪৩২ / ০৭ মার্চ ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব
২। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব
৩। সিনিয়র সচিব/সচিব (সকল)।

(ক) রুলস অব বিজনেস, ১৯৯৬-এর ২৩(৩) বিধি অনুসারে এ সিদ্ধান্ত প্রয়োজনবোধে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে জানাইবার জন্য অনুরোধ করা যাইতেছে।
(খ) সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন সিদ্ধান্তটি অবহিত হইবার পনের দিনের মধ্যে একবার এবং **সিদ্ধান্তটির বাস্তবায়ন কার্য সম্পন্ন না হওয়া পর্যন্ত প্রতি মাসের ৪ তারিখের মধ্যে একবার মন্ত্রিপরিষদ বিভাগের মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা যাইতেছে।**

৪। সিনিয়র সহকারী সচিব, মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।

০৭/০৩/২০২৬
মোঃ মেজবাউল হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৬৬৪১০৬৬

**নম্বর: ০৪.০০.০০০০.০০০.৩১১.০৬.০১০২.২৬.২২৫(৪)১/(১)**

তারিখ: ২২ ফাল্গুন ১৪৩২ / ০৭ মার্চ ২০২৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হইলো:

১। মন্ত্রিসভার সদস্যবৃন্দ।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১

মোঃ মেজবাউল হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৬৬৪১০৬৬